Australian Government
Department of Home Affairs

অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের মধ্যে কোয়ারেন্টিনমুক্ত ভ্রমণ 18 এপ্রিল 2021 এর 21:59 AEST এ শুরু হবে। 14 দিনের জন্য অস্ট্রেলিয়া বা নিউজিল্যান্ডে থাকা **সকল ভ্রমণকারী** ভ্রমণ ছাড়পত্রের আবেদনের প্রয়োজন ছাড়াই অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের মধ্যে বিমানে কোয়ারেন্টিনমুক্ত ভ্রমণ করতে পারবেন।

এর মধ্যে এমন ভ্রমণকারীরা অন্তর্ভুক্ত রয়েছেন যারা নিরাপদ ভ্রমণ অঞ্চলের দেশগুলোতে সম্পূর্ণ 14 দিন অতিবাহিত করেছেন **অথবা** সেই ব্যক্তিবর্গ যারা দুই দেশের মধ্যে ভ্রমণ করেছেন এবং 14 দিন সময়কালের মধ্যে ফিরে আসছেন।

অস্ট্রেলিয়া বা নিউজিল্যান্ডের সকল বসবাসকারী (বিদেশী নাগরিকসহ) প্রতিটি দেশের স্বাস্থ্য, অভিবাসন ও স্ট্যান্ডার্ড সীমান্ত ছাড়পত্রের অন্যান্য স্বীকৃত শর্তাবলী পূরণ সাপেক্ষে কোয়ারেন্টিনমুক্ত ভ্রমণ করতে পারবেন

সকল ভ্রমণকারীদেরকে তাদের আগমনের স্থান এবং তাদের চূড়ান্ত গন্তব্যের প্রস্তুতি যাচাই করে দেখা উচিত, কারণ নির্দিষ্ট পরিস্থিতিতে কোয়ারেন্টিনে থাকার শর্ত প্রযোজ্য হতে পারে।

নিউজিল্যান্ডের স্বাস্থ্য এবং অভিবাসন সংক্রান্ত শর্তাবলী তাদের ওয়েবসাইটে পাওয়া যায়: নিউজিল্যান্ডের কোয়ারেন্টিনমুক্ত ভ্রমণের শর্তাবলী

আরও তথ্যের জন্য অস্ট্রেলিয়ান সরকারের স্বাস্থ্য বিভাগ দেখুন: আন্তর্জাতিক ভ্রমণকারীদের জন্য করোনাভাইরাস (COVID-19) সম্পর্কিত পরামর্শ

দ্রষ্টব্য: অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ডে COVID-19 পরিস্থিতির যেকোনো পরিবর্তনের কারণে নোটিশ ছাড়াই কোয়ারেন্টিনমুক্ত ভ্রমণ ব্যবস্থা সাময়িকভাবে বন্ধ বা স্থগিত করা হতে পারে। অস্ট্রেলিয়ায় আপনার ফিরে আসা বিলম্বিত হওয়া সহ আপনার ভ্রমণ পরিকল্পনায় কোনো বিঘ্নতা মোকাবেলার জন্য আপনিই দায়বদ্ধ।

নিউজিল্যান্ডের বাইরের নিউজিল্যান্ডের নাগরিকগণ

নিউজিল্যান্ডের বাইরে থাকা নিউজিল্যান্ডের নাগরিকগণ অথবা যারা অস্ট্রেলিয়ায় প্রস্তাবিত ভ্রমণের ঠিক আগের 14 দিন নিউজিল্যান্ডে ছিলেন না তাদের জন্য কোয়ারেন্টিনমুক্ত ভ্রমণ প্রযোজ্য **নয়**

COVID-19 প্রাদুর্ভাবের স্থানসমূহ

নিউজিল্যান্ডের যে স্থানগুলো নিয়ে উদ্বেগ রয়েছে সেগুলোর তালিকার জন্য অস্ট্রেলিয়া ভ্রমণ ঘোষণা পৃষ্ঠা দেখুন। উল্লিখিত সময়ে এই অবস্থানগুলোর মধ্যে কোনোটিতে আপনি অবস্থান করে থাকলে, সে সম্পর্কে আপনাকে অবশ্যই অস্ট্রেলিয়া ভ্রমণের ঘোষণাপত্রে শনাক্ত করতে হবে।

নিউজিল্যান্ড থেকে অস্ট্রেলিয়ায় কোয়ারেন্টিনমুক্ত ভ্রমণ

অস্ট্রেলিয়া ভ্রমণের পূর্বে, অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে আপনার যাত্রার অন্তত 72 ঘন্টা পূর্বে আপনার অস্ট্রেলিয়া ভ্রমণের ঘোষণাপত্র পূরণ করা উচিত।

অস্ট্রেলিয়া ভ্রমণ ঘোষণাপত্রটি অস্ট্রেলিয়ায় আপনার সাথে যোগাযোগের বিস্তারিত তথ্য, ফ্লাইটের বিস্তারিত তথ্য, কোয়ারেন্টিনের শর্তাবলী এবং আপনার স্বাস্থ্যের অবস্থা সম্পর্কিত তথ্য সংগ্রহ করে।

এই তথ্যগুলো আপনার কোয়ারেন্টিনের জন্য ব্যবস্থা গ্রহণ (যদি প্রয়োজন হয়) করতে অস্ট্রেলিয়ান সরকারকে সহায়তা করে এবং আপনি COVID-19-এ আক্রান্ত হয়েছে এমন কারও সাথে ভ্রমণ করে থাকলে সংশ্লিষ্ট স্বাস্থ্য বিভাগ দ্বারা আপনার সাথে যোগাযোগ করাকেও সম্ভব করে।

আপনি যদি **বিমানে** অস্ট্রেলিয়ায় আসেন এবং আপনার ভ্রমণের পূর্বে অস্ট্রেলিয়া বা নিউজিল্যান্ডে 14 বা তার বেশি দিনের জন্য অবস্থান করেন, তাহলে অস্ট্রেলিয়ার ভ্রমণ নিষেধাজ্ঞার কোনো অব্যাহতির জন্য আপনাকে আবেদন করতে হবে **না**। আপনি স্বয়ংক্রিয়ভাবে অব্যাহতি পাবেন।

উপরের শর্তাবলী পূরণ করলে, নিউজিল্যান্ড থেকে অস্ট্রেলিয়ায় কোয়ারেন্টিনমুক্ত ভ্রমণ করার জন্য আপনাকে নিউজিল্যান্ডের নাগরিক হতে হবে না, তবে অস্ট্রেলিয়াতে প্রবেশ করার জন্য আপনার **একটি বৈধ ভিসার** প্রয়োজন হবে। নিউজিল্যান্ডের নাগরিকদের অস্ট্রেলিয়ায় আসার পূর্বে ভিসার জন্য আবেদন করার প্রয়োজন নেই। যোগ্য হলে, তাদের আগমনকালে একটি বিশেষ ক্যাটাগরি ভিসা (সাবক্লাস 444) (SCV) দেওয়া হবে।

অস্ট্রেলিয়া ভ্রমণের পূর্বে আপনাকে ভ্রমণ ছাড়পত্র নিতে হবে কেবলমাত্র যদি:

- আপনি আপনার পরিকল্পিত প্রস্থানের পূর্বে 14 দিনেরও কম সময়ের জন্য অস্ট্রেলিয়া বা নিউজিল্যান্ডে ছিলেন (নিউজিল্যান্ডে ট্রানজিট করা ভ্রমণকারীসহ) অথবা
- আপনি সমুদ্রপথে অস্ট্রেলিয়া ভ্রমণ করতে ইচ্ছুক হন।

অস্ট্রেলিয়া থেকে নিউজিল্যান্ডে কোয়ারেন্টিনমুক্ত ভ্রমণ

উপরের শর্তাবলী পূরণ করলে অস্ট্রেলিয়া থেকে নিউজিল্যান্ডে কোয়ারেন্টিনমুক্ত ভ্রমণ করার জন্য আপনাকে অস্ট্রেলিয়ান নাগরিক বা এর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রয়োজন নেই। তবে, আপনাকে

অবশ্যই নিউজিল্যান্ড সরকারের প্রযোজ্য স্বাস্থ্যগত প্রাক-পরিস্থিতি এবং সকল স্বীকৃত অভিবাসন, শুল্ক ও বায়োসিকিউরিটি সংশ্লিষ্ট প্রবেশ শর্তাবলী পূরণ করতে হবে।

অস্ট্রেলিয়া থেকে নিউজিল্যান্ডে ভ্রমণ: ভ্রমণ অব্যাহতির শর্তাবলী

যদি আপনি সরাসরি নিউজিল্যান্ডে ভ্রমণ করেন এবং আপনার প্রস্থানের তারিখের ঠিক আগের 14 দিন শুধুমাত্র অস্ট্রেলিয়া বা নিউজিল্যান্ডে অবস্থান করেন, তাহলে অস্ট্রেলিয়ার ভ্রমণ নিষেধাজ্ঞা*-এর বিপরীতে অব্যাহতির জন্য আপনাকে আবেদন করতে হবে **না।** আপনি স্বয়ংক্রিয়ভাবে অব্যাহতি পাবেন।

*অস্ট্রেলিয়ার নাগরিক ও স্থায়ী বাসিন্দাদেরকে নিউজিল্যান্ড ভ্রমণের পূর্বে বহির্গামী ভ্রমণ অব্যাহতির জন্য আবেদন **করতে হবে** যদি:

- আপনি বিদেশী অন্য কোনো গন্তব্যে নিউজিল্যান্ড **থেকে কোনো ফিরতি ফ্লাইট বুক** করেন

যারা নিউজিল্যান্ড থেকে ফিরতি টিকিট নিয়ে অন্য আন্তর্জাতিক গন্তব্যে যাত্রা করছেন তাদেরকে অবশ্যই অবগত থাকতে হবে যে যাত্রীদের সংখ্যার উপর বর্তমান বিধিনিষেধ এবং ফ্লাইটের সীমিত প্রাপ্যতার জন্য অস্ট্রেলিয়া বা নিউজিল্যান্ডে ফিরে আসা কঠিন হতে পারে।

যারা নিউজিল্যান্ড থেকে অন্য আন্তর্জাতিক গন্তব্যে ভ্রমণ করতে চান এবং তারপরে অস্ট্রেলিয়ায় ফিরে যেতে চান তাদেরকে যা করতে হবে:

- অস্ট্রেলিয়ায় যাবার 72 ঘন্টা পূর্বে করা COVID-19 পরীক্ষার নেগেটিভ ফলাফল উপস্থাপন
- পৌঁছানোর পরে নিজ খরচে 14 দিনের বাধ্যতামূলক হোটেল কোয়ারেন্টিন এবং
- বাধ্যতামূলক কোয়ারেন্টিনে থাকাকালে নির্দিষ্ট সময় পর পর পরীক্ষা করানো।

অস্ট্রেলিয়ায় ফিরে আসার ক্ষেত্রে সম্ভাব্য ব্যাঘাত ও অনেক দেশে COVID-19 এর ঝুঁকিসহ বিদেশ ভ্রমণের ঝুঁকি এখন অনেক বেশি।

অস্ট্রেলিয়ায় ট্রানজিট হয়ে নিউজিল্যান্ডে গমন

অস্ট্রেলিয়া হয়ে ট্রানজিটের মাধ্যমে যাতায়াত করতে ইচ্ছুক ভ্রমণকারীদেরকে অবশ্যই একটি রেড জোনের ফ্লাইটের অগ্রিম টিকিট সংগ্রহ করতে সক্ষম হতে হবে যা প্রাথমিকভাবে প্রবেশের 72 ঘণ্টার মধ্যেই অস্ট্রেলিয়া ছেড়ে যাবে। **যদি রেড জোনের উপযুক্ত কোনো কানেক্টিং ফ্লাইট পাওয়া না যায়, তাহলে অস্ট্রেলিয়ার মাধ্যমে ট্রানজিট সম্ভব হবে না।** অস্ট্রেলিয়ায় ট্রানজিট বিষয়ে আরও তথ্য অস্ট্রেলিয়ায় ট্রানজিট ওয়েবপেজে পাওয়া যাবে।

অস্ট্রেলিয়ায় আগমন

কোয়ারেন্টিনমুক্ত ফ্লাইটে আগত যাত্রীদেরকে 14 দিনের বাধ্যতামূলক কোয়ারেন্টিনে প্রবেশ করতে হবে এমন অন্যান্য যাত্রীদের থেকে পৃথকীকরণ নিশ্চিত করতে অস্ট্রেলিয়ার বিমানবন্দরগুলোতে গ্রীণ ও রেড জোন তৈরি করা হয়েছে।

যদি আপনি কোয়ারেন্টিনমুক্ত ফ্লাইটে আসেন, তাহলে অস্ট্রেলিয়াতে আগমনের বিমানবন্দরে সকল বর্ডার ছাড়পত্র প্রক্রিয়া সম্পন্ন করার জন্য আপনাকে র গ্রীন জোনের মধ্যে দিয়ে নিয়ে যাওয়া হবে।

কোয়ারেন্টিনমুক্ত ফ্লাইটে আগত ভ্রমণকারীদের আরও তথ্যের জন্য স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইট দেখুন।